



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

পত্র নং- ৪৩/সর/পরী/৮৩/২৭০

তারিখ: ০৭/০২/২০১৬।

বিষয়: ২০১৫ সনের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার প্রধান পরীক্ষকদের নামে বরাদ্দকৃত মূল্যায়নকৃত উত্তরপত্র বিক্রয় প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ২০১৫ সনের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার প্রধান পরীক্ষকদের নামে বরাদ্দকৃত উত্তরপত্র মূল্যায়নের পর নীতিমালা অনুযায়ী সংরক্ষণের মেয়াদকাল ০৬ (ছয়) মাস অতিক্রান্ত হওয়ার পর তা বোর্ডে ফেরত না দিয়ে বিক্রি করে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

প্রধান পরীক্ষক হিসেবে বরাদ্দপ্রাপ্ত মূল্যায়নকৃত উত্তরপত্রের পারিশ্রমিক বিল থেকে ২৩ (তেইশ) টিতে ১ (এক) কেজি ধরে ১৫/১১/২০১২ তারিখের অর্থ কমিটির সভার ৯নং সিদ্ধান্ত মোতাবেক প্রতি কেজি ১০/- (দশ) টাকা হারে কর্তণ করে তাঁর সম্মানী/পারিশ্রমিক বিল প্রদান করা হবে।

এমতাবস্থায়, তাঁর নিকট বরাদ্দকৃত উত্তরপত্র বোর্ডে ফেরত দেয়ার প্রয়োজন নেই এবং তা তিনি বিক্রি করে দিতে পারবেন।

বিক্রির তারিখ:

০৮ ফেব্রুয়ারি, ২০১৬ এর পর।

চেয়ারম্যানের আদেশক্রমে

মোঃ শাহেদুল খবির চৌধুরী
সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
☎ ৯৬৬৯৮১৩ (অফিস)

প্রাপক : ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক সার্টিফিকেট
(এইচএসসি) পরীক্ষা- ২০১৫ এর সকল প্রধান পরীক্ষকগণ।

স্মারক নং- ৪৩/সর/পরী/৮৩/২৭০(৫০৩)

তারিখ: ০৭/০২/২০১৬।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি দেয়া হলো:

১. উপ পরিচালক (হিঃ ও নিঃ), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
২. উপ পরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চমাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. উপ পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. হিসাবরক্ষণ অফিসার (ব্যয়), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ আল মাসুদ করিম
উপ পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
☎ ৫৮৬১৭৬৯৬, ০১৭১২৭০৩২৩৩